

বাউবির বিএ ও বিএসএসের ফল প্রকাশ, পাসের হার ৬৬%

নিজস্ব প্রতিবেদক ●

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত বিএ ও বিএসএস পরীক্ষা ২০২৪-এর প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ সেমিস্টারের বিষয়ভিত্তিক ফলসহ চূড়ান্ত ফল প্রকাশ করা হয়েছে। এবার পাসের হার শতকরা ৬৬ দশমিক ৭৩ শতাংশ। গতকাল বৃহস্পতিবার পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) হাবিবুল্যাহ মাহামুদ এ ফল ঘোষণা করেন।

হাবিবুল্যাহ জানান, ছয়টি সেমিস্টারে মোট নিবন্ধিত শিক্ষার্থী সংখ্যা ছিল ২ লাখ ৫৯ হাজার ৯৬৯ জন এবং পরীক্ষায় মোট অংশগ্রহণকারী শিক্ষার্থী সংখ্যা ছিল ২ লাখ ২০ হাজার ২১৪ জন। এ ছাড়া চূড়ান্ত পরীক্ষায় ৪০ হাজার ৪৭৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ২৭ হাজার ৮ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। সে অনুযায়ী পরীক্ষায় পাসের হার শতকরা ৬৬ দশমিক ৭৩ শতাংশ। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ১৪ হাজার ৬৬৭ জন ছাত্র এবং ১২ হাজার ৩৪১ জন ছাত্রী।

হাবিবুল্যাহ আরও জানান, উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ১ জন 'A-', ১৭০ জন 'B+', ২ হাজার ৬৭১ জন 'B', ৮ হাজার ৭৬০ জন 'B-', ১০ হাজার ৪২ জন 'C+', ৪ হাজার ৭৭৩ জন 'C' এবং ৫৯১ জন 'C-' গ্রেডে উত্তীর্ণ হয়েছে।

বিজ্ঞপ্তি

তার
য়ে
বশ
তা
তার
ছাত্র
ক
না
তার
নব

ছত্র
টি
তে
বন্ধ
তা
ক
সূর্ণ

শি:
বি
মে

তার
বে
গ
এ
নৈ-
হন
র

মান
ায়
তি